

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩২৬

প্রব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাত সম্পাদনের পদ্ধতি - ফর্য সালাতের পর আয়াতুল কুরসি পাঠ করার ফ্যীলত

আরবী

وَعَنْ أَبِي أَمَامَةَ _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللّهِ _ صلى الله عليه وسلم: «مَنْ قَرَأَ آيَةَ الْكُرْسِيِّ دُبُرَ كُلِّ صَلَاةٍ مَكْتُوبَةٍ لَمْ يَمْنَعْهُ مِنْ دُخُولِ الْجَنَّةِ إِلَّا الْمَوْتُ». رَوَاهُ النَّسَائِيُّ, وَصَحَّحَهُ ابْنُ حِبَّانَ وَزَادَ فِيهِ الطَّبَرَانِيُّ: وَقُلْ هُوَ اللَّهُ أَحَدٌ

صحيح. رواه النسائي في «عمل اليوم والليلة» (100)، وابن حبان في «كتاب الصلاة» كما في «الترغيب» (2/ 261) قلت: وللحديث طرق وشواهد ذكرتها في «الأصل» مع الرد على ابن الجوزي

هذه الزيادة للطبراني في «الكبير» (8/ 134 / 7532) وإسنادها جيد كما قال المنذري في «الترغيب» (2/ 261)، والهيثمي في «المجمع» (10/ 102)

বাংলা

৩২৬. আবৃ উমামাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে কেউ আয়াতুল কুরসী প্রত্যেক ফরয সালাতের পরে পাঠ করলে তার মৃত্যুই তার জন্য জান্নাতে প্রবেশ করার জন্য বাধা হয়ে আছে। নাসায়ী; ইবনু হিব্বান একে সহীহ বলেছেন।[1]

তাবারানী বৃদ্ধি করেছেন: এবং "কুলহু আল্লাহু আহাদ"।[2]



ফুটনোট

- [1] নাসায়ী তাঁর 'আমলুল ইয়াওম ওয়াল লাইলাহ' গ্রন্থে (১০০); ইবনু হিব্বান তাঁর কিতাবুস সালাতে, যেমন রয়েছে তারগীসে (২/২৬১)। সুমাইর আয-যুহাইরি বলেন, এ হাদীসের অনেক শাহেদ ও সূত্র রয়েছে।
- [2] তাবারানীর এই বর্ধিত অংশটুকুর সানাদ উত্তম। অনুরূপ কথা বলেছেন, মুন্যিরী তাঁর তারগীব (২/২৬১) এ এবং হায়সামী তার মাজমায় (১০/১০২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন